দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৫ OCT 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# বিসিএস শিক্ষা ক্যাডারদের আন্দোলনে নামার হুমকি

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়করণ হওয়া কলেজ শিক্ষকদের ক্যাডারে আত্তিকরণ বিধি বাতিলসহ তিন দফা বাস্তবায়ন না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার মর্যাদা রক্ষা কমিটি। গতকাল বুধবার রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এ হুমকি দেন।

কমিটির আহবায়ক এসএম কামাল আহমেদ বলেন, আমরা কলেজ সরকারিকরণের বিরুদ্ধে নই। সরকারিকৃত কলেজগুলোর শিক্ষকদের চাকরি সরকারিকরণেও আমাদের আপত্তি নেই। আমাদের আপত্তি কেবল তাদের ক্যাডারভুক্তিতে। তাই জাতীয়করণ হওয়া নতুন কলেজ শিক্ষকদের নিয়োগ, পদায়ন ও পদোন্নতির জন্য আলাদা বিধিমালা করতে হবে। বিধি বহির্ভূতভাবে ১৫ হাজার শিক্ষককে ক্যাডারভুক্ত করার সিদ্ধান্তও বাতিল করার দাবি জানাচ্ছি।

কমিটির সদস্য সচিব মোঃ শওকত হোসেন বলেন, জাতীয়করণ হওয়া নতুন কলেজ শিক্ষকদের শিক্ষা ক্যাডারে আত্তিকরণ বন্ধ করতে হবে। এ ছাড়া বদলি বন্ধ করার পাশাপাশি নতুন বিধিমালা প্রণয়ন করতে হবে। আমাদের দাবি না মানলে কঠোর কর্মসূচি দেওয়া ছাড়া কোনো বিকল্প থাকবে না। তাই তিনি অনুরোধ করে বলেন, আমাদের আন্দোলনে নামাবেন না।